কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ

EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 NOVEMBER 2026,FRIDAY | ৬ নভেম্বর ২০২৬,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-328

পর্যটন দপ্তরের উদ্যোগে হোমস্টে পোর্টালের উদ্বোধন করলেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



সুকুমার রঞ্জন সরকার,এই যুগ ,কলকাতা ,৫ নভেম্বর : রাজ্য সরকারের পর্যটন দপ্তরের উদ্যোগে বৃহস্পতিবার কলকাতায় পর্যটন দপ্তরের উদয়াচল ট্যুরিজম প্রপার্টিতে আয়োজিত এক অনুষ্ঠানে হোম স্টে পোর্টালের উদ্বোধন করলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উদ্বোধন এর পর পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান এই পোর্টালের মাধ্যমে রাজ্যের হোমস্টে মালিকরা তাদের নাম নথিভুক্ত করতে পারবেন। রাজ্যের বিভিন্ন পর্যটন স্থলে এখন থেকে শুধুমাত্র সরকারি নথিভুক্ত হোমস্টে গুলিই নিজেদের হোমস্টে বলে পরিচয় দিতে পারবে। এই পোর্টালের মাধ্যমে নাম নথিভুক্ত করলেই তাদের একটি সার্টিফিকেট দেওয়া হবে। রাজ্যে এই মুহূর্তে মোট পাঁচ হাজার চারশো ঊন আশিটি হোমস্টে রয়েছে। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ আরও জানান এবারের বিশ্ব পর্যটন দিবসের মূল স্লোগান ছিলো ডিজিটাল এজেন্ডা ও এআই প্রযুক্তির মাধ্যমে পর্যটন দপ্তরের পুনর্গঠন করা। সেই লক্ষ্য পূরনের উদ্দেশ্যেই প্রযুক্তি নির্ভর তথ্য ভান্ডার গড়ে তুলতেই এই পোর্টাল চালু করা হলো।উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ।

গ্রাম পঞ্চায়েতে ভিবিজি রামজি প্রকল্পের কাজের অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত বৈঠকে পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ



সুকুমার রঞ্জন সরকার,এই যুগ ,কলকাতা ,৫ নভেম্বর : কলকাতা নিউ টাউনের কনভেনশন সেন্টারে বৃহস্পতিবার রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে আয়োজিত হয় এক গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠক । উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ , দপ্তরের প্রতিমন্ত্রী শান্তনু প্রামাণিক ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগন । পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ জানান এদিনের বৈঠকে গ্রাম পঞ্চায়েতে ভিবিজি রামজি পরিকল্পনায় কাজের অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ পর্যালোচনা হয়। প্রতিটি উন্নয়ন প্রকল্প যেন সঠিক সময়ে সঠিকও যোগ্য উপভোক্তাদের কাছে পৌঁছে যায় তা নিশ্চিত করার লক্ষ্যেই এই বৈঠক বলে জানান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ।

উদ্ধার তিনশো নয় গ্রাম ব্রাউন সুগার ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ৫ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বাগডোগরা থানার অন্তর্গত জংলী বাবার মন্দিরে বৃহস্পতিবার এক অভিযান চালায়। অভিযানে এক পুরুষ ও আরেক মহিলাকে আটক করে তল্লাশী চালিয়ে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় তিনশো নয় গ্রাম ব্রাউন সুগার।জানা গেছে ধৃতরা সম্পর্কে স্বামী স্ত্রী। নাম মহম্মদ লালবাবু (৪৬) ও মহিলার নাম রিজওয়ানা বেগম(৪০) ,দুজনেই উত্তর দিনাজপুর জেলার চাকুলিয়া থানার বাসিন্দা। তাদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। তল্লাশী, উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা কঠোরভাবে মেনে সম্পন্ন করা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

নেশার বিরুদ্ধে পদযাত্রায় অংশগ্রহণ করলেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা



মলয় দেবনাথ , এই যুগ ,আলিপুরদুয়ার, ৫ নভেম্বর : নেশার বিরুদ্ধে সচেতনতা গড়তে মাদকবিরোধী পদযাত্রার আয়োজন, উপস্থিত স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা, জেলা পুলিশ সুপার মাদকাসক্তির বিরুদ্ধে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা গড়ে তুলতে এবং মাদকমুক্ত সমাজ গঠনের বার্তা দিতে আলিপুরদুয়ার জেলার জয়গাঁতে আয়োজন করা হল মাদকবিরোধী সচেতনতা পদযাত্রার। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা। পাশাপাশি উপস্থিত ছিল আলিপুরদুয়ারের পুলিশ সুপার অমিত কুমার সাউ । এই পদযাত্রার মাধ্যমে মাদকের কুফল সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করার পাশাপাশি মাদকবিরোধী লড়াইয়ে সমাজের সর্বস্তরের মানুষকে একজোট হওয়ার বার্তা দেওয়া হয়।

নিষিদ্ধ শব্দবাজির বিরুদ্ধে পুলিশের অভিযানে উদ্ধার প্রচুর নিষিদ্ধ বাজি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ নভেম্বর : কালীপুজো ও দীপাবলিকে সামনে রেখে নিষিদ্ধ শব্দবাজির বিরুদ্ধে অভিযান শুরু করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ। এরই মধ্যে হ্যামিল্টনগঞ্জের একাধিক দোকানে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে নিষিদ্ধ পটকা ও শব্দবাজি উদ্ধার করল কালচিনি থানার পুলিশ।জানা গিয়েছে, এদিন হ্যামিল্টনগঞ্জের বিভিন্ন দোকানে তল্লাশি অভিযান চালায় পুলিশ। সেই অভিযানে একাধিক দোকান থেকে উদ্ধার হয় নিষিদ্ধ শব্দবাজি ও পটকা। উৎসবের মরশুমে পরিবেশ ও সাধারণ মানুষের নিরাপত্তার কথা মাথায় রেখে নিষিদ্ধ বাজির বিরুদ্ধে পুলিশের এই অভিযান চলছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, কালীপুজো ও দীপাবলি উপলক্ষে নিষিদ্ধ শব্দবাজির বিক্রি ও ব্যবহার রুখতে আগামী দিনেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

ফালাকাটায় উদ্ধার অবৈধ গাঁজা গাছ, পুড়িয়ে ধ্বংস করল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ নভেম্বর : আলিপুরদুয়ারের পুলিশ সুপারের নির্দেশে ফালাকাটা থানা এলাকায় অবৈধ গাঁজা ও আফিম চাষ রুখতে ড্রোন দিয়ে নজরদারি চালাল পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে, ফালাকাটা থানার অন্তর্গত শালকুমার গ্রাম পঞ্চায়েত, ময়রাডাঙা গ্রাম পঞ্চায়েত, গুয়াবর নগর ও দেওগাঁও গ্রাম পঞ্চায়েত এলাকায় এই অভিযান চালানো হয়। ড্রোনের মাধ্যমে আকাশপথে ওই এলাকাগুলিতে নজরদারি চালানোর সময় কয়েকটি বাড়িতে গাঁজা গাছের অস্তিত্ব নজরে আসে পুলিশের। এরপরই ওই বাড়িগুলিতে অভিযান চালিয়ে বেশ কিছু গাঁজা গাছ উদ্ধার করা হয়। পরে উদ্ধার হওয়া গাঁজা গাছগুলিকে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।পুলিশের দাবি, গোপনে বাড়ির আশপাশে ও ফাঁকা জমিতে এই ধরনের অবৈধ নেশাজাত দ্রব্যের চাষ করা হচ্ছিল। এই চাষের সঙ্গে যুক্তদের চিহ্নিত করার কাজ চলছে। ভবিষ্যতেও এই ধরনের নজরদারি জারি থাকবে বলে জানিয়েছে ফালাকাটা থানার পুলিশ। এই অভিযানে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।

চিকলিগুড়িতে খাদ্য দপ্তরের অভিযান ,লাইসেন্স রিনিউয়ের নামে প্রতারণার অভিযোগে চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ নভেম্বর : ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের চিকলিগুড়ি এলাকায় অভিযান চালাল খাদ্য দপ্তর। স্কুলের পাশে তামাক ও গুটকা বিক্রি এবং মিষ্টির দোকানে তদারকির পাশাপাশি এই অভিযানেই সামনে এল লাইসেন্স রিনিউয়ের নামে টাকা তোলার অভিযোগ।ব্যবসায়ীদের দাবি, প্রায় দেড় মাস আগে কোচবিহারের পরিচয় দেওয়া এক মহিলা এলাকায় এসে ফুড লাইসেন্স রিনিউ করে দেওয়ার কথা বলেন। সেই সময় বেশ কয়েকটি দোকান থেকে লাইসেন্সের কাগজপত্র ও ৫০০ টাকা করে নিয়ে যান তিনি। দ্রুত লাইসেন্স ফেরত দেওয়ার আশ্বাসও দিয়েছিলেন। কিন্তু দেড় মাস পেরিয়ে গেলেও এখনও লাইসেন্স পাননি ব্যবসায়ীরা। একাধিকবার যোগাযোগ করলেও কোনও সদুত্তর মেলেনি।বৃহস্পতিবার খাদ্য দপ্তরের দল চিকলিগুড়িতে অভিযানে পৌঁছতেই ব্যবসায়ীরা বিষয়টি আধিকারিকদের জানান। সঙ্গে সঙ্গে তদন্ত শুরু করেন দপ্তরের কর্মকর্তারা। ওই মহিলা আসলে কে, কোন পরিচয়ে তিনি দোকানগুলিতে গিয়েছিলেন এবং টাকা ও কাগজপত্র নিয়ে কী করেছেন, তা খতিয়ে দেখা হচ্ছে।ঘটনার পর থেকেই ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। তাঁরা কি কোনও প্রতারণা চক্রের ফাঁদে পড়লেন, তা নিয়েই উঠছে প্রশ্ন। খাদ্য দপ্তরের তরফে জানানো হয়েছে, অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে, সত্য প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি ব্যবসায়ীদের সতর্ক করা হয়েছে, অপরিচিত কারও হাতে যেন লাইসেন্স ও টাকা তুলে না দেন।

খুড়িমারিতে রেলিংহীন ব্রিজ থেকে পড়ে মৃত্যু সাইকেল আরোহীর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ নভেম্বর : বিপজ্জনক রেলিংহীন সেতু পার হতে গিয়ে মর্মান্তিক পরিণতি হল এক সাইকেল আরোহীর। ব্রিজ থেকে নিচে পড়ে মৃত্যু হল ৫৮ বছরের রঞ্জিত দাসের। বুধবার রাতে ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের খুড়িমারি বনবস্তিতে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গিয়েছে, মৃত রঞ্জিত দাস ঘাকসাপাড়ার বাসিন্দা। বুধবার রাতে সাইকেল নিয়ে খুড়িমারি গ্রামে যাচ্ছিলেন তিনি। পথে রেলিংহীন বিপজ্জনক সেতুটি পারাপারের সময় নিয়ন্ত্রণ হারিয়ে নিচে পড়ে যান। রাতের অন্ধকারে দুর্ঘটনাটি ঘটায় বিষয়টি কারও নজরে আসেনি। বৃহস্পতিবার সকালে স্থানীয় বাসিন্দারা সেতুর নিচে তাঁকে পড়ে থাকতে দেখেন। খবর দেওয়া হয় পুলিশে। দ্রুত তাঁকে কুমারগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। দীর্ঘদিন ধরেই সেতুটির বিপজ্জনক অবস্থা নিয়ে সরব ছিলেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের অভিযোগ, সেতুতে রেলিং না থাকায় যাতায়াতের ক্ষেত্রে ঝুঁকি থেকেই গিয়েছিল। অবিলম্বে সেতুটি সংস্কার করে রেলিং নির্মাণের দাবি জানিয়েছেন এলাকাবাসী। ভবিষ্যতে যাতে এমন দুর্ঘটনা না ঘটে, তার জন্য দ্রুত পদক্ষেপের দাবি উঠেছে।

অবৈধ কল সেন্টারের হদিশ ,গ্রেপ্তার নয়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ৫ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার পুলিশ, সাইবার থানার পুলিশ ও শিলিগুড়ি পুলিশের ডিটেকটিভ ডিপার্টমেন্টের কর্মীরা গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে অভিযান চালিয়ে একটি অবৈধ কল সেন্টারের হদিশ পায় ও কল সেন্টার থেকে নয় জনকে আটক করে। জানা গেছে মাটিগাড়া থানার অন্তর্গত মে ফেয়ার গ্রীন - ১, ব্লক - এফ রুম নম্বর ১০৩ এ অভিযান চালায় পুলিশের এই যৌথ দল। অভিযানে ঘটনাস্থল থেকে নয় জনকে আটক করে। অভিযোগ মে ফেয়ার গ্রীন ১ বিল্ডিং এর এফ ব্লকের ১০৩ নম্বর ফ্ল্যাটে একটি অবৈধ কল সেন্টার চালাত ধৃতরা। আটক ব্যক্তিরা কল সেন্টারের সপক্ষে টেলিকমিউনিকেশন দপ্তরের কোনো অনুমোদন বা কাগজপত্র না পারায় তাদের গ্রেপ্তার করে পুলিশ। ঘটনাস্থল থেকে সাতটি ল্যাপটপ ও কুড়িটি মোবাইল ফোন উদ্ধার করে বাজেয়াপ্ত করে। আটক ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়। পুলিশ জানায় এই কল সেন্টার থেকে একটি আন্তর্জাতিক ইন্টার নেট টেলিফোনিক কল সেন্টার চালানো হতো ও তাদের লক্ষ্য ছিলো আমেরিকার গ্রাহকদের লক্ষ্য করে প্রতারনার উদ্দ্যেশ্যে এই কল সেন্টারটি চালানো হচ্ছিলো। ধৃত নয় জনকে আদালতে পেশ করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

আলিপুরদুয়ারে তৃণমূল নেতা কে ডিম থেরাপি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ নভেম্বর : কোর্টে তোলার সময় সঞ্জীব ধরকে ডিম থেরাপি, "চোর চোর" স্লোগানে উত্তাল আলিপুরদুয়ার কোর্ট চত্বর। গতকাল রাতেই গ্রেফতার হওয়া তৃণমূলের প্রাক্তন জেলা নেতা সঞ্জীব ধরকে আজ পুলিশ কোর্টে তুললো। আর কোর্টে তোলার সময়ই ঘটলো ডিম থেরাপি।তার বিরুদ্ধে অভিযোগ, হুমকি প্রদর্শন, প্রভাব খাটিয়ে টাকা তোলা সহ একাধিক গুরুতর অভিযোগ রয়েছে। সেই অভিযোগেই গতকাল রাতে তাকে গ্রেফতার করে পুলিশ। এদিন পুলিশ যখন তাকে কোর্টে তোলে, তখন কোর্টের ক্যাম্পাসে আগে থেকেই ভিড় করে ছিলেন অনেক বিজেপি কর্মী সমর্থকরা। সঞ্জীব ধরকে দেখতে পেয়েই তারা তাকে লক্ষ্য করে ডিম ছুঁড়তে শুরু করেন। পাশাপাশি "চোর চোর" স্লোগান তুলে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |